

প্রধানমন্ত্রীর কুয়েত সফর (21-22 ডিসেম্বর, 2024)

18 ডিসেম্বর, 2024

কুয়েতের আমির মহামহিম শেখ মেশাল আল-আহমেদ আল-জাবের আল-সাবাহের আমন্ত্রণে সাড়া দিয়ে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী 21-22 ডিসেম্বর 2024 তারিখে কুয়েত সফরে যাবেন। গত 43 বছরে প্রথম কোনও ভারতীয় প্রধানমন্ত্রী কুয়েত সফরে যাবেন।

2. এই সফর চলাকালীন প্রধানমন্ত্রী কুয়েত নেতৃবৃন্দের সাথে বৈঠকে যোগ দেবেন। এছাড়াও প্রধানমন্ত্রী কুয়েতে বসবাসকারী ভারতীয় সম্প্রদায়ের সাথে বার্তা-বিনিময় করবেন।

3. ভারত এবং কুয়েতের মধ্যে ঐতিহ্যগত ভাবে ঘনিষ্ঠ ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে। দুই দেশের বন্ধুত্বের ইতিহাস বহু পুরোনো এবং ক্রমাগত অর্থনৈতিক ও জনগণের সাথে সম্পর্ক উন্নত হওয়ার সাথে তা আরও মজবুত হয়েছে। কুয়েতের শীর্ষস্থানীয় বাণিজ্য অংশীদারদের মধ্যে ভারত অন্যতম। ভারতীয় সম্প্রদায় হল কুয়েতে বসবাসকারী বৃহত্তম প্রবাসী সম্প্রদায়।

4. এই সফর ভারত এবং কুয়েতের মধ্যে বহুমুখী সম্পর্ককে আরও শক্তিশালী করে তুলবে বলে আশা করা হচ্ছে।

নিউ দিল্লি

18 ডিসেম্বর, 2024